

## অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি(ইজিপিপি)

### কর্মসূচির উদ্দেশ্য

- কর্মহীন মৌসুমে স্বল্পমেয়াদী কর্মসংস্থান
- স্বল্পমেয়াদী কর্মসংস্থানের মাধ্যমে কর্মক্ষম দুষ্ট পরিবারগুলোর সুরক্ষা

### প্রকল্পটি কাদের জন্য ?

- মূলত এলাকার অতিদরিদ্র এবং মৌসুমী বেকার শ্রমিক পরিবারের জন্য এই প্রকল্প

### কে এই কর্মসূচির সুবিধাভোগী হতে পারবে?

- দরিদ্র জনগোষ্ঠীর অন্তর্ভুক্ত ব্যক্তি যার কাজের সামর্থ্য আছে এবং ভূমিহীন (বাড়ি ছাড়া ০.৫ একরের কম পরিমাণ জমি আছে)।
- যে ব্যক্তির মাসিক আয় ৪,০০০/- (চার হাজার) টাকার কম অথবা যার মাছ চাষের জন্য পুকুর বা কোন প্রণীসম্পদ নেই।
- অদক্ষ শ্রমিক যারা কাজ করতে আগ্রহী কিন্তু কোন কাজ পায় না। অদক্ষ শ্রমিক বলতে যারা দিন মজুর, রাজমিস্ত্রি, কাঁচমিস্ত্রি, ইলেকট্রিক মিস্ত্রি, গ্যাস মিস্ত্রি এবং কারখানা শ্রমিক অথবা যার অন্য কোন কাজের সুযোগ নেই। মহিলা এবং পুরুষ নির্বিশেষে একটি পরিবার থেকে মাত্র ০১ জন এ কাজের জন্য নির্বাচিত হবেন।

### সুবিধা গ্রহণের জন্য কোথায় যেতে হয়?

১. ওয়ার্ড কমিটি
২. ইউনিয়ন পরিষদ অফিস
৩. উপজেলা পরিষদ অফিস

### কিভাবে প্রকল্প গ্রহণ করা হয়?

১. চাহিদা অনুসারে স্থানীয় জনগণ ও উপকার ভোগীদের সম্পৃক্ত করে ওয়ার্ড পর্যায়ে সামাজিক প্রকল্পের প্রাথমিক নির্বাচন সম্পন্ন

করতে হয়

২. ইউনিয়নের ওয়ার্ড ভিত্তিক পরিকল্পনা প্রনয়ণের জন্য সভা আহবান করতে হবে। সভায় মহিলাসহ সর্বস্তরের জনগণের উপস্থিতির লক্ষ্যে ব্যাপক ভিত্তিক প্রচারনা চালাতে হয়
৩. ওয়ার্ড ভিত্তিক প্রকল্পের অগ্রাধিকার তালিকা সভার কার্যবিবরণীসহ ইউনিয়ন কমিটির নিকট দাখিল করতে হয়।
৪. বাছাইকৃত প্রকল্প তালিকা ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ডে বুলিয়ে প্রচার করতে হয়।

## ইজিপিপি এর কাজের ধরণ

১. পুকুর, খাল খনন/পুন:খনন।
২. বাঁধ নির্মাণ/পুন:নির্মাণ (পানি উন্নয়ন বোর্ডকর্তৃক সুপারিশকৃত)
৩. রাস্তা/বাঁধ নির্মাণ পুন:নির্মাণ
৪. গ্রামীণ অবকাঠামো উন্নয়ন (রাস্তা, ব্রীজ)
৫. সেচ কাজের জন্য ও জলাবদ্ধতা নিরসনের জন্য খাল/ নালা খনন/ পুন: খনন।

## প্রকল্প থেকে কি কি সুবিধা পাওয়া যায় ?

১. প্রতি কর্মদিবসে ২০০/- টাকা (প্রতি পর্যায়ে ৪০ দিন/বছরে ০২ টি পর্যায়)। ২৫/- টাকা সঞ্চয় হিসেবে জমদা থাকবে।
২. জবকার্ড সরবরাহ, ১০/- টাকায় একটি ব্যাংক হিসাব খোলা, প্রতি বৃহস্পতিবার মজুরী উত্তোলন।
৩. পুরুষ/ মহিলা সমান মজুরীর অধিকারী।
৪. কার্যক্ষেত্রে মজুরীর হার প্রদর্শন করতে হয়।
৫. জবকার্ডে মজুরী প্রদানের সকল তথ্য থাকতে হয়।

